30

দৈনিক ইনকিলাব

তারিখ 24 DEC 1992
পৃষ্ঠা ৫ কলাম ৬

## শিক্ষাঙ্গন

### বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা প্রসঙ্গে

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ঘোষিত নিয়ম অনুযায়ী এসএসসি পরীক্ষার সর্বমোট নম্বর থেকে ৪% এবং এইচএসসি পরীক্ষার সর্বমোট নম্বর থেকে ৬% নম্বর নিয়ে মেধা স্কোর তৈরী করা হয়। এই নিয়মটি দীর্ঘ দিন যাবত প্রচলিত হয়ে আসছে। কিন্তু এবছর এই নিয়মটি কর্তৃপক্ষ উঠিয়ে দিবে বলে শোনা যাচ্ছে। মেধা স্কোর উঠিয়ে দেয়ার জন্য কতিপয় মেধাহীন ছাত্র-ছাত্রী দৈনিক পত্রিকাগুলোর মাধ্যমে কর্তৃপক্ষকে আবেদন জানিয়েছিল। কিন্তু কর্তৃপক্ষ এ ব্যাপারে কোন মন্তব্য করেননি। মেধাবী ছাত্রদের জন্যই মেধা স্কোর করা হয়েছে। যারা এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মেধা ও শ্রম নিয়োগের মাধ্যমে অধিক নম্বর পায় শুধু তাদের জন্যই মেধা স্কোর। ঢাকা বিশ্ববিদ্যালয়ে যাতে অছাত্র প্রবেশ করতে না পারে সেদিকে চিন্তা করে মেধা স্কোর অবশ্যই বহাল রাখা প্রয়োজন। কর্তৃপক্ষ এদিকে দৃষ্টি দিবেন বলে আশা রাখি।

—হাফিজুল ইসলাম খান হাফিজ